

তোমার উদ্দেশ্যে

জাফর হোসেন

তোমার হাত ধরে আমি কতো দূর চলে এসেছি জানো!
আমি সময়ের হিসাব করিনি কখনও
কেবল দৌড়েছি পাগলের মতো তোমাদের সাথে।
কি চুম্বকের আকর্ষণে আমি পারাপার ভুলে
অজানার পথে পা রেখেছি।
অথচ কথা ছিল ওই মোরের ধারে বড় বনটার পাশে
আমরা কিছুক্ষণ শুধু সময় কাটাবো।

কোথায় নিয়ে এলে আমায়
এই কি আমি চেয়েছিলাম নিরন্তর?
তোমাকে আমি ভালোবাসতাম এটা ঠিক ছিল।
তোমার অদ্ভুত টানে আমি ঘর ছাড়লাম।
কেবল ভেবেছি ফিরে আসবো একটু সময় পরেই।
অথচ এখন অপরাহ্নে আগাছায় ভরা ফিরে যাবার পথ
আস্টেপ্লে আমি জড়িয়ে গেছি বিপুল এই জনপদে।

এখন অস্পষ্ট হয়ে আসে পিছনের দৃশ্যগুলো।
আমি আমার ছোট্ট টিলার চুড়োয় দাঁড়াই গোখুলিবেলায়
তাকাই ধুলো ওঠা অতীতে।
অভাব আর কষ্টের রঙ্গে আকা তৈল চিত্র
জ্বলজ্বল করে দিগন্ত রেখায়।
তবু মনে হয় সেই আমার আপন, একান্ত সম্পদ
আর সব মেকি, সাজানো খেলা।